

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৫৫

উদয়পুর, ২২, জানুয়ারি, ২০২৪

উদয়পুরে ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবস উদযাপন

গোমতী জেলা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল উদয়পুর টাউন হলে ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। তিনি পূর্ণ রাজ্য দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিধায়ক অভিষেক দেবরায় বক্তব্য রাখেন। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা চন্দ্রিকা বসু মজুমদার। তিনি ত্রিপুরার রাজতন্ত্র থেকে গণতন্ত্রে পদার্পণ এবং ভারতভুক্তির ইতিহাস তুলে ধরেন। স্বাগত বক্তব্য রাখেন, গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা মনোজ দেববর্মা। উপস্থিত ছিলেন গোমতী জেলার পুলিশ সুপার নমিত পাঠক, ডেপুটি কালেক্টর সি এস চট্টোপাধ্যায় প্রমুখ। ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবস উপলক্ষে সেমিনার, কুইজ, সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

\*\*\*\*\*